দর্শনা পৌর এলাকায় এল ই ডি লাইট স্থাপন কাজের উদ্বোধনী

প্রয়াত পৌর মেয়র মতিয়ার রহমানের স্বপ্ন পূরনে দর্শনা পৌর এলাকায় এল ই ডি লাইট স্হাপন কাজের উদ্বোধনী ও সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় দর্শনা বাসস্ট্যান্ড চৌরাস্তা মোড়ে ২ নং ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি জাহিদুল ইসলাম এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনসুর বাবু। এসময় তিনি বলেন, প্রয়াত মেয়র মতিয়ার রহমানের স্বপ্ন ছিল দর্শনা

পৌরসভাকে একটি মডেল হিসেবে গড়ে তোলা। তার স্বপ্ন বাস্তবায়নের আগেই তার অকাল মৃত্যু হয়েছে। এ স্বপ্ন বাস্তবায়নে দর্শনা পৌর সভার উপ নির্বাচনে মেয়র মতিয়ারের সহদার আঃ লীগের সদ্য নৌকা প্রতিক প্রাপ্ত ও দর্শনা পৌর মেয়র পদপ্রার্থী উপজেলা আওয়ামীলীগের সহ সভাপতি আতিয়ার রহমান হাবুকে নির্বাচিত করে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। এবং আগামী ১৬ মার্চ নির্বাচনে জয়ী করে মতিয়ারের স্বপ্ন পুরন করবে বলে তিনি মনে করেন।

এ সময় উপস্হিত ছিলেন দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমন, কাউন্সিলর মনির সর্দার, এনামুল কবির, আওয়ামীলীগ নেতা ইদ্রীস আলি, হায়দার আলি,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আঃ হান্নান ছোট,হবা জোয়ার্দার, মামুন শাহ সহ স্হানীয় আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ ও এলাকার সুধীজনেরা ।